অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/24/2021 **গভর্নর ক্যাথি হোকল**

সম্প্রতি কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ার এই সময়ে নিউ ইয়র্ক ব্যাপী গভর্নর হোকলের 13টি নতুন স্টেট পরীক্ষার সাইট চালুর ঘোষণা

বুধবার, 29 ডিসেম্বর সাইটগুলো চালু হবে -- সোমবার থেকে শুরু করে এখানে অ্যাপয়েন্টমেন্ট নেয়া যাবে

পরবর্তী সপ্তাহ থেকে MTA সাবওয়ে স্টেশনগুলোতে কোভিড-19 পরীক্ষার ব্যবস্থা থাকবে বলে গভর্নরের ঘোষণার পরে আজকের এই ঘোষণা এসেছে

গভর্নর ক্যাথি হোকল আজ সম্প্রতি কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়া মোকাবেলা করতে নতুন 13টি স্টেট পরীক্ষার সাইট চালুর ঘোষণা দিয়েছেন। এসব সাইটের লক্ষ্য হলো নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, সেন্ট্রাল নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি, ফিঙ্গার লেকস, মোহাক ভ্যালি ও সাদার্ন টিয়ার অঞ্চলব্যাপী যেসব এলাকায় উচ্চতর প্রয়োজন রয়েছে সেখানে বাড়তি পরীক্ষার বিকল্প প্রদান করা।

"এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধি মোকাবেলা করতে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে, আমরা আমাদের কাছে থাকা সকল হাতিয়ার ব্যবহার করবো," **বলেছেন গভর্নর হোকল।** "স্টেটব্যাপী পরীক্ষার সাইটগুলো চালু করার মাধ্যমে, আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য পরীক্ষা করানো আরো বেশি অ্যাক্সেসযোগ্য ও সুবিধাজনক হওয়ার বিষয়টি নিশ্চিত করবো। কোথায় আরো বেশি সামর্থ্য এবং বাড়তি সাইটের প্রয়োজন রয়েছে তা মূল্যায়ন করে, আমরা স্টেটের প্রতিটি কোণায় পরীক্ষা করানোর লভ্যতা সম্প্রসারণ করা অব্যাহত রাখবো।"

বর্তমানে সব জায়গায় সাইটগুলো সচল করা হচ্ছে যেগুলো 29 ডিসেম্বর, 2021 তারিখ থেকে খুলে দেয়া হবে। চালু থাকার দিন ও সময়সূচি সাইটের অবস্থানের উপর নির্ভর করে ভিন্ন হবে এবং প্রত্যেকটিতে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে পরীক্ষা করানোর পাশাপাশি, অ্যাপয়েন্টমেন্ট ছাড়াও সরাসরি উপস্থিত হয়ে পরীক্ষা করানোর সুযোগ থাকবে। চালু হওয়ার পর থেকে সব সাইটে RT-PCR পরীক্ষার ব্যবস্থা থাকবে। খুলে দেয়ার কয়েক দিনের মধ্যে র্যা পিড অ্যান্টিজেন পরীক্ষা এবং র্যা পিড PCR পরীক্ষার ব্যবস্থাও থাকবে।

সোমবার, 27 ডিসেম্বর থেকে শুরু করে নিউ ইয়র্কবাসীরা এখানে থাকা জায়গাগুলোর যেকোনোটিতে কোভিড-19 পরীক্ষার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন।

বায়ো-রেফারেন্স ল্যাবরেটরিজ (BioReference Laboratories)-এর এক্সিকিউটিভ চেয়ারম্যান জন আর. কোহেন, M.D. বলেন, "কোভিড-19 মহামারীর এপর্যায়ের মধ্য দিয়ে নিউ ইয়র্ককে ফলপ্রসূভাবে নেতৃত্ব দিয়ে যাওয়া অব্যাহত রাখার এই সময়ে গভর্নর হোকলের সঙ্গে কাজ করতে পারা একটি সৌভাগ্যের বিষয়। পরীক্ষা করানোর চাহিদার এই অভূতপূর্ব, দ্রুত বৃদ্ধির সময়ে নিউ ইয়র্কবাসীদের জন্য সবচেয়ে সুবিধাজনক ও অ্যাক্সেসযোগ্য কোভিড-19 পরীক্ষা প্রদান করায় সাহায্য করতে আমরা যথাশীঘ্র সম্ভব এসব সাইট খুলে দেয়ার জন্য নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছি।"

অঞ্চল অনুযায়ী পরীক্ষার সাইটগুলোর একটি তালিকা নিচে পাওয়া যাবে:

Central New York
Moravia Fire Department
38 Keeler Street
Moravia, NY 13118
অফিস চলাকালীন সময়: সোমবার, বুধবার, ও শুক্রবার: 10 a.m. - 4 p.m.; শনিবার: 9 a.m. - 3 p.m.

Finger Lakes
SUNY Genesee Community College
Albion Campus Center
456 West Avenue
Albion, NY 14411
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 10 a.m. - 7 p.m.

Long Island
IBEW Local 25
370 Motor Parkway
Hauppauge, NY 11788
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 8 a.m. - 6 p.m.

Kennedy Memorial Park
335 Greenwich Street
Hempstead, NY 11550
অফিস চলাকালীন সময়: সোমবার - শুক্রবার 9 a.m. - 7 p.m.; শনিবার 9 a.m.-5 p.m.

Mohawk Valley
American Legion Post
86 West Main Street
Milford, NY 13807

অফিস চলাকালীন সময়: সোমবার, বুধবার ও শুক্রবার: 8 a.m. - 5 p.m.; শনিবার: 8 a.m. - 12 p.m.

New York City
Adam Clayton Powell State Office Building
163 West 125th Street
New York, NY 10027
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 10 a.m. - 6 p.m.

Central Family Life Center
59 Wright Street
Staten Island, NY 10304
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 9 a.m. - 5 p.m.

Concourse Village Community Center
777 Concourse Village East
Bronx, NY 10451
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 9 a.m. - 5 p.m.

Kings Plaza Mall
5100 Kings Plaza
Brooklyn, NY 11234
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 9 a.m. - 6 p.m.

York College Performing Arts Center
94-45 Guy R Brewer Boulevard
Jamaica, NY 11451
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 9 a.m. - 7 p.m.

North Country
Citizens Advocates
324 Creighton Road
Malone, NY 12953
অফিস চলাকালীন সময়: মঙ্গলবার, বৃহস্পতিবার ও শনিবার: 10 a.m. - 4 p.m.

Maple Ridge Center
7421 East Road
Lowville, NY 13367
অফিস চলাকালীন সময়: সোমবার ও বুধবার: 9 a.m. - 2 p.m.; শুক্রবার:9 a.m. - 12:30 p.m.

Southern Tier
Watkins Glen State Park Gift Shop/The Glen Café
1009 North Franklin Street
Watkins Glen, NY 14891
অফিস চলাকালীন সময়: সোমবার - শনিবার: 10 a.m. - 6 p.m.

স্টেটব্যাপী আরো বাড়তি সাইট চালুর জন্যও পরিকল্পনা করা হচ্ছে, এবং শীঘ্রই এসব সাইট সম্পর্কে ঘোষণা প্রদান করা হবে। নিউ ইয়র্কবাসীরা এখানে তাদের নিকটস্থ সাইটগুলো খুঁজে নিতে পারবেন।

###